

৬। ঢাকা মহানগর কমিটি :

সাংস্কৃতিক প্রতিষ্ঠান বাছাইয়ের লক্ষ্যে ঢাকা মহানগর এলাকার জন্য একটি পৃথক কমিটি থাকবে। কমিটি নিম্নরূপভাবে গঠিত হবে :

১	মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, ঢাকা।	সভাপতি
২	মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা এর প্রতিনিধি।	সদস্য
৩	মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা এর প্রতিনিধি।	সদস্য
৪	জেলা প্রশাসক ঢাকা এর প্রতিনিধি।	সদস্য
৫	সম্মিলিত সাংস্কৃতিক জোট ঢাকা এর প্রতিনিধি।	সদস্য
৬	বাংলাদেশ গ্রুপ থিয়েটার ফেডারেশন ঢাকা এর প্রতিনিধি।	সদস্য
৭	সচিব, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, ঢাকা।	সদস্য-সচিব

৭। জেলা কমিটি :

সাংস্কৃতিক প্রতিষ্ঠান বাছাই এর জন্য প্রতিটি জেলায় একটি করে জেলা কমিটি থাকবে। নিম্নোক্তভাবে জেলা কমিটি গঠিত হবে :

১	জেলা প্রশাসক।	সভাপতি
২	সকল উপজেলা নির্বাহী কর্মকর্তা।	সদস্য
৩	স্থানীয় সরকারী কলেজের অধ্যক্ষ/অধ্যক্ষা ১(এক) জন (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)।	সদস্য
৪	ট্রেজারী কার্যক্রম পরিচালনাকারী ব্যাংকের ম্যানেজার।	সদস্য
৫	জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা।	সদস্য
৬	জেলা সমাজসেবা কর্মকর্তা।	সদস্য
৭	সম্মিলিত সাংস্কৃতিক জোট এর প্রতিনিধি।	সদস্য
৮	জেলা শিল্পকলা একাডেমীর কালচারাল অফিসার/যে সকল জেলায় জেলা কালচারাল অফিসার নেই সেখানে জেলা প্রশাসনের সহকারী কমিশনার/সিনিয়র সহকারী কমিশনার (সাধারণ শাখা)।	সদস্য-সচিব